# আপনার পুল রক্ষা করুন, আপনার শিশুদের রক্ষা করুন চেকলিস্ট

NSW তে, ২০১০-১১ তে পাঁচ বছর বয়সের নীচের ১২ জন শিশু পানিতে ডুবেছে এবং আরো ৬৪ জন শিশু ডুবে যাওয়ার কাছাকাছি অবস্থায় হাসপাতালে ভর্তি হয়। যেকোন বয়সীদের তুলনায় পাঁচ বছরের নীচের শিশুদের ডুবে যাওয়ার হার সবচেয়ে বেশি, যার প্রায় ৫০% ঘটে সুইমিং পুলে।

পাঁচ বছরের অনূর্ধ্ব শিশুদের ডুবে মরে যাওয়া এবং প্রায় ডুবে মরে যাওয়ার হারের ক্ষেত্রে চলমান প্রধান একটি কারণ অপর্যাপ্ত পুল বেষ্টনী। পুল বেষ্টনী পুল এলাকায় প্রবেশ সীমিত করে বাড়তি নিরাপত্তা যোগায়।

সকল পুল মালিকদের সারাবছর ধরে নিয়মিত তাদের সুইমিং পুল পরীক্ষা করা উচিৎ, বিশেষত: গ্রীষ্মকালের পূর্ববর্তী মাসগুলিতে।

অনুগ্রহ করে জেনে রাখুন পুল বেষ্টনী সংক্রান্ত আইন অস্ট্রেলিয়ার সব রাষ্ট্র ও অঞ্চলগুলোতে আলাদা আলাদা এবং এই চেকলিস্টটি শুধু NSW-এর জন্য প্রযোজ্য।



আরো তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন http://kidshealth.schn.health.nsw.gov.au এবং প্রকল্প ট্যাবের নীচে ডুবে মরে যাওয়া প্রতিরোধ লিংক-এ ক্লিক করুন।

kids health
the children's hospital at Westmead
Child Health Promotion Unit

ctcper
the children's hospital at Westmead
The Centre for Trauma Care, Prevention, Education and Research

NSW GOVERNMENT

Samuel Morris FOUNDATION

নভেম্বর ২০১২

SPASA
SWIMMING POOL & SPA ASSOCIATION OF NSW LIMITED

## সুইমিং পুলের আইন এবং আপনার অবস্থান

সুইমিং পুল আইন ১৯৯২ (এন এস ডাব্লিউ) নির্দেশানুযায়ী ব্যক্তিগত (প্রাইভেট )সুইমিং পুল মালিকদের নিশ্চিত করতে হবে যে, তাদের পুলগুলি সবসময় শিশু-প্রতিরোধক প্রতিবন্ধক দিয়ে পরিবেষ্টিত যা পুলকে ঐ স্থাপনার কোন আবাসিক বিল্ডিং এবং একইসাথে স্থাপনার সাথে সংযুক্ত কোন সর্বজনীন (পাবলিক ) অথবা ব্যক্তিগত (প্রাইভেট) স্থাপনা থেকে পৃথক করে রাখে।

সাধারণত: আবশ্যিক বিধি মোতাবেক প্রতিবন্ধকতা হল নির্ধারিত মান অনুযায়ী পুলের চারদিকে একটি বেষ্টনী।

যাইহোক, পুলের নির্মাণকাল এবং যে স্থান বা জায়গায় পুলের অবস্থান তার প্রকৃতি উপর ভিত্তি করে এর ভিন্ন ভিন্ন মান এবং কিছু কিছু শিথিলতা প্রযোজ্য। উদাহরণস্বরুপ, কিছু সীমিত ক্ষেত্রে বাসস্থানকে পুল থেকে পৃথক করতে শিশু প্রতিরোধক দরজা অথবা জানালার তালার ব্যবহার অনুমোদিত হতে পারে।

আপনার পুলের জন্য কোন ধরনের এবং কোন মানের প্রতিরোধক স্থাপন করা অবশ্যই প্রয়োজন সে ব্যাপারে নির্দেশনার জন্য আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করুন।

## সুইমিং পুলের নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন)

২০১৩ সালের ২৯শে অক্টোবর হতে , অবশ্যই সকল সুইমিং পুল রাষ্ট্রব্যাপী অবস্থিত পুল নিবন্ধনে (রেজিস্টার) নিবন্ধীকরণ করতে হবে। পুল রেজিস্টার ২৯শে এপ্রিল ২০১৩ থেকে পাওয়া যাবে। নিবন্ধীকরণ প্রক্রিয়ার অংশ হিসাবে , পুলের মালিকদের অবশ্যই তাদের সর্বোচ্চ জ্ঞান মতে প্রত্যয়ন করতে হবে যে, তাদের পুল প্রতিরোধক নিয়মমাফিক হয়েছে। পুলের মালিকরা যারা তাদের সুইমিং পুল নিবন্ধীকরণ করবেননা, তাদের জরিমানা হবে।

| | | |
|---|---|---|
| ২৯শে এপ্রিল ২০১৩ এর পর -আপনি কি রাষ্ট্রব্যাপী অবস্থিত পুল রেজিস্টারে আপনার পুল নিবন্ধীকরণ করেছেন? | ☐ হ্যাঁ | ☐ না - আপনার সুইমিং পুলটি নিবন্ধনের জন্য আপনার স্থানীয় কাউন্সিল, বেসরকারি প্রত্যায়নকারীর সাথে যোগাযোগ করুন অথবা এন এস ডাব্লিউ রাষ্ট্র সরকার প্রদত্ত অনলাইন ওয়েবসাইটটি দেখুন। |

## সুইমিং পুল পরিদর্শন

২৯ এপ্রিল, ২০১৪-হতে সকল পর্যটন এবং দর্শনার্থীর আবাসস্থলে অথবা একটি সম্পত্তি যেখানে দুই বা তদূর্ধ্ব আবাসন (ডুয়েলিং) আছে, সেখানে প্রতি তিন বছরের মধ্যে অন্তত: একবার সুইমিং পুল পরিদর্শন করতে হবে।

*ডুয়েলিং (আবাস) অর্থ হল একটি কক্ষ অথবা প্রস্থ (সুইট) যেটিতে কেউ বসবাসরত অথবা ব্যবহৃত, অথবা তদমর্মে নির্মিত অথবা ভোগদখলের উপযোগী পৃথক বাসস্থান হিসাবে ব্যবহার করা যায়। টাউন হাউজ /ভিলা, আবাসিক ফ্ল্যাট এবং অ্যাপার্টমেনট এর অন্তর্গত। যে সব হাউজিং এস্টেট, কমিউনিটি এস্টেট, ক্যারাভান পার্ক, ক্যাম্পিং স্থল ইত্যাদিতে পুল আছে তা হোল কমন পুল (সর্বজনীন পুল)।*

সকল স্থানীয় কাউন্সিলের সুইমিং পুল পরিদর্শন কর্মসূচি ২৯ অক্টোবর ২০১৩-পূর্বে তাদের স্থানীয় এলাকার জন্য শুরু হয়। স্থানীয় কাউন্সিল প্রথম পরিদর্শনের জন্য পুলের মালিকদের ১৫০ ডলার পর্যন্ত এবং প্রয়োজনে দ্বিতীয় পরিদর্শনের জন্য (যদি প্রথম পরিদর্শনে সমস্যা চিহ্নিত হয়) তবে ১০০ ডলার পর্যন্ত খরচ ধার্য করতে পারে। আরো তথ্যের জন্য আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করুন।

২৯ এপ্রিল, ২০১৪ হতে, সকল সুইমিং পুলসহ আবাসিক সম্পত্তি ভাড়া প্রদানের (লীজ) অথবা বিক্রির পূর্বে অবশ্যই শর্ত পূরণ মর্মে একটি বৈধ সনদ থাকতে হবে।

১লা মে, ২০১২ হতে পুলের মালিকগন শর্তপূরণ প্রত্যায়ন মর্মে পুল পরিদর্শনকল্পে স্থানীয় কাউন্সিল অথবা স্বীকৃত প্রত্যায়নকারী এর যে কোন একজনকে নিযুক্ত করতে পারেন।
শর্ত পূরণ সনদ তিন বছরের জন্য বৈধ।

## উকড়ি বাক্স

১৯৯৩ সাল থেকে, NSW-এর সকল পুল এবং স্পাতে নিরাপদ উকড়ি বাক্স (স্কিম্মার বক্স) রাখা আবশ্যক কারণ উকড়ি বাক্সের উপর বিশেষ করে ওল্ড পটি স্টাইল মত উকড়ি বাক্সের উপর বসার কারণে মারাত্মক আভ্যন্তরীণ ক্ষত হতে পারে।

| | | |
|---|---|---|
| আপনার উকড়ি বাক্সের কি স্থায়ী গম্বুজাকৃতির প্রতিরক্ষামূলক লিড (ঢাকনা) এবং নিরাপদ স্কার্ট আছে যা কেবলমাত্র একটি হাতিয়ার (টুল) দিয়ে সরানো যাবে? | ☐ হ্যাঁ | ☐ না -ফিল্টারের অন্তর্গামিন রাস্তার মুখে একটি স্থায়ী সংরক্ষক মূলক লিড স্থাপনা করুন। ফাইবার গ্লাস পুলের প্রস্তুতকারী অথবা মেরামতকারীদের এই মেরামত করার যোগ্যতা থাকা উচিৎ (আপনি ইয়েলো পেজে তাদের সন্ধান পাবেন)। এছাড়াও, আপনার স্থানীয় সুইমিং পুল সরবরাহকারীর পুরনো ধাচের উকড়ি বাক্সের রুপান্তরের —স্বল্প খরচের কিট থাকতে পারে। |



*বপিদজনক উকড়ি বাক্স*



*নরিাপদ পরবির্ততি উকড়ি বাক্স*

## নতুন সুইমিং পুল

ওয়ার্ক হেলথ এন্ড সেফটি রেগুলেশন্স ২০১১(C তম) অনুসারে, নির্মাণাধীন সব নতুন পুলে খনন কাজের সময় উদ্ভুত স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকি এড়াতে অস্থায়ী ফেন্স দেয়া প্রয়োজন। বাচ্চাদের খালি পুলে পড়ে যাওয়া বন্ধ করা অথবা বৃষ্টির পর পানি থাকলে তাতে ডুবে যাওয়া রোধ করা এর অন্তর্গত।

| | | |
|---|---|---|
| আপনার নির্মাণাধীন পুলের চারদিকে কি অস্থায়ী ফেন্স আছে? | ☐ হ্যাঁ | ☐ না - অস্থায়ী বেষ্টনী স্থাপন করুন |
| আপনি কি আপনার স্থানীয় কাউন্সিলের কাছ থেকে নতুন সুইমিং পুল নির্মাণের পূর্বে অনুমোদন নিয়েছেন? | ☐ হ্যাঁ | ☐ না - আপনার স্থানীয় কাউন্সিল অথবা বেসরকারি (প্রাইভেট) নির্মাণ প্রত্যায়নকারীর সাথে যোগাযোগ করুন।[ |
| আপনি কি আপনার স্থানীয় কাউন্সিলের সাথে আপনার স্থায়ী বেষ্টনী কোথায় স্থাপন করবেন সে ব্যাপারে কথা বলেছেন? | ☐ হ্যাঁ | ☐ না -আপনার পুলের স্থায়ী বেষ্টনীর স্থান কাউন্সিলের নির্দেশনা অনুযায়ী হচ্ছে কিনা তা নিশ্চিত করতে আপনার কাউন্সিল এর সাথে যোগাযোগ করুন। |
| আপনি কি স্থায়ী বিধিসম্পন্ন বেষ্টনী স্থাপনের পরিশেষ মাত্র স্থানীয় কাউন্সিল অথবা বেসরকারি নির্মাণ প্রত্যায়নকারীর দ্বারা কি চূড়ান্ত পরিদর্শন করিয়েছেন? | ☐ হ্যাঁ | ☐ না - আপনার স্থানীয় কাউন্সিল অথবা বেসরকারি নির্মাণ প্রত্যায়নকারীর সাথে চূড়ান্ত পরিদর্শন আয়োজন করতে যোগাযোগ করুন। |


## পুলের আভ্যন্তরীন ফেন্সের উচ্চতা - সীমানা ফেন্সের জন্য আলাদা অধ্যায় দেখুন


| | | |
|---|---|---|
| আপনার পুলের ফেন্স কি মূল ভিত্তি ভূমি থেকে কমপক্ষে ১ দশমিক ২ মিটার উঁচু? | ☐ হ্যাঁ | ☐ না - দ্রুত একজন লাইসেন্সধারী নির্মাতা, পুলের টেকনিশিয়ান অথবা ফেন্সিং কনট্রাক্টরের সাথে যোগাযোগ করুন। |

## পুল বেষ্টনী- এখানে আরোহণ নিষেধ

| | | |
|---|---|---|
| আপনি কি নিশ্চিত করেছেন যে আরোহণ নিষিদ্ধ অঞ্চলে( এটি ধরা হয় পুলের বাইরের বেষ্টনীর উপর থেকে ভূমির দিকে বৃত্তাকারে একটি বৃত্তাকার গঠন) ৯০ সেমি এর আওতার বাইরে গাছ, ঝোপঝাড় অথবা বারবিকিউ (BBQ), গাছের টব, খেলনা, মই অথবা কোন ধরনের চেয়ার আছে কিনা? | ☐ হ্যাঁ | ☐ না - পুল প্রতিরোধীর নিকট গাছপালা অথবা ঝোপঝাড় এবং অন্যান্য বস্তু যেমন, বারবিকিউ (BBQ), গাছের টব, খেলনা, মই এবং চেয়ার, আরোহণ নিষিদ্ধ ৯০ সেমি এলাকার কাছাকাছি আওতায় রাখা উচিৎ নয় যাতে একটি শিশু সেগুলো ব্যবহার করে বেষ্টনীর উপর আরোহণ করতে না পারে। |

পুলের বেষ্টনীর ভিতরের দিকে ৩০ সে মিঃ আরোহণ নিষিদ্ধ অঞ্চলের মধ্যে কোন ধরণের স্থায়ী স্থাপনা রাখা যাবে না। পুল বহির্ভূত/অসংক্রান্ত স্থাপনা যেমন, গ্যারেজ, পারগোলা, কাপড় ঝুলানো তার (ক্লথলাইন), বোটশেড, ঢালু পথ (রেম্প), ভেলা / অস্থায়ী সেতু (পোন্টুণ) অথবা কোন ধরনের ছাউনি ( শেড ) পুল এলাকার মধ্যে থাকবেনা।



## পুলের বেষ্টনী –উল্লম্ব ফাঁক

| | | |
|---|---|---|
| *যদি বেষ্টনীতে উল্লম্ব গরাদ থেকে থাকে, গরাদের মধ্যবর্তী এই ফাঁক ১০ সেমি এর বেশি নয় তো?*<br>*লক্ষ্যনীয়ঃ সর্বোচ্চ ১০ সেমি পর্যন্ত গরাদ বাঁকানো যেতে পারে এবং সাধারণতঃ ৯সেমিঃ -এর কম মাপা হয়।* | ☐ হ্যাঁ | ☐ না –দ্রুত একজন লাইসেন্সধারী নির্মাতা, পুলের টেকনিশিয়ান অথবা ফেন্সিং কনট্রাক্টরের সাথে যোগাযোগ করুন। |


## পুলের বেষ্টনী আরোহণ যোগ্য সমান্তরাল গরাদ

| | | |
|---|---|---|
| বেষ্টনীর সমান্তরাল গরাদ একটি থেকে অন্যটি কি কমপক্ষে ৯০ সে মিঃ দূরে আছে কি? | ☐ হ্যাঁ | ☐ না - দ্রুত একজন লাইসেন্সধারী নির্মাতা, পুলের টেকনিশিয়ান অথবা ফেন্সিং কনট্রাক্টরের সাথে যোগাযোগ করুন। |

## পুলের বেষ্টনী-বেষ্টনীর নীচের অংশের ফাঁক

| | | |
|---|---|---|
| সমাপ্ত সমতল থেকে পুলের বেষ্টনীর নীচের অংশের ফাঁক ১০ সে মিঃ এর বেশি নয় তো? | | ☐ না - দ্রুত একজন লাইসেন্সধারী নির্মাতা, পুলের টেকনিশিয়ান অথবা ফেন্সিং কনট্রাক্টরের সাথে যোগাযোগ করুন। |






## পুলের বেষ্টনী এবং ফটক - রক্ষনাবেক্ষন

| | | |
|---|---|---|
| সকল বেষ্টনী বল্টু, স্ক্রু এবং ফেস্নার (খিল, ছিটকানি ইত্যাদি) শক্ত ও সঠিক ভাবে কি লাগানো আছে? | ☐ হ্যাঁ | ☐ না - কোন হাল্কাভাবে লাগানো বল্টু, স্ক্রু এবং ফেস্নার (সংযুক্তকারী বস্তু) শক্তভাবে রাখা অথবা বদলানো উচিৎ। |
| আপনি কি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হওয়া দরজার কব্জা,তালা এবং ছিটকিনি গুলীতে পিচ্ছিলকারক তেল অথবা সিলিকন স্প্রে করেছেন? | ☐ হ্যাঁ | ☐ না - কিভাবে পুলের বেষ্টনী এবং ফটকের রক্ষনাবেক্ষণ করতে হবে, সে বিষয়ে পুলের বেষ্টনী এবং ফটক প্রস্তুতকারকদের আপনাকে লিখিত নির্দেশনা দেয়া উচিৎ। এর মধ্যে থাকতে পারে নিয়মিত স্প্রিং পরিবর্তন, এবং স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হওয়া দরজার কব্জা,তালা এবং ছিটকিনিগুলীতে পিচ্ছিলকারক তেল অথবা সিলিকন স্প্রে করা, যা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হওয়া এবং স্বয়ংক্রিয় কব্জা লাগানো ফটকের বিভিন্ন ত্রুটি প্রতিরোধে সাহায্য করতে পারে। |

## পুলের বেষ্টনী-ফটকের কব্জা যন্ত্রের অবস্থান

| | | |
|---|---|---|
| আপনার পুলের ফটকের অরক্ষনীয় কব্জা যন্ত্র কি মাটি থেকে কমপক্ষে ১৫০ সে মিঃ উপরে অবস্থিত? | ☐ হ্যাঁ | ☐ না - আপনার কব্জা যন্ত্র যদি সমতল থেকে উপরদিকের ১৫০ সে-মিঃ থেকে কম হয়, তাহলে এটা অবশ্যই পুলের বেষ্টনীর ভিতর দিকে থাকা উচিৎ, গেটের শীর্ষ থেকে কমপক্ষে ১৫ সেমি নীচে, সেই সাথে কব্জার চারপাশে কমপক্ষে ৪৫ সে মি ব্যাসার্ধের ঢাকনা থাকা উচিত। |

## কার্ডিও পালমোনারি রিসাসসিয়েশন (সি পি আর)- চিহ্ন

| | | |
|---|---|---|
| আপনার কি আপনার পুলের কাছে ভালো অবস্থায় এবং ৩ মিটার দূর থেকে পড়া যায় কোন সিপিআর চিহ্ন রয়েছে?<br>*লক্ষ্য করুনঃ সি পি আর চিহ্ন নির্দিষ্ট সময় পর পর বদলাতে হতে পারে যদি তা অস্পষ্ট হয়ে যায়।* | ☐ হ্যাঁ | ☐ না - আপনার স্থানীয় দোকান, কাউন্সিল অথবা কমিউনিটি সংস্থা, যেমন সেন্ট জন অ্যাম্বুলেন্স দি অস্ট্রেলিয়ান রেড ক্রস অথবা দি রয়্যাল লাইফ সেভিং সোসাইটি থেকে সিপিআর চিহ্ন কিনে স্থাপন করুন। |

## পুল ফটক, স্বয়ংক্রিয় বন্ধ এবং কব্জা যন্ত্র

| | | |
|---|---|---|
| আপনার পুল ফটক কি বাইরের দিকে(পুল এলাকা থেকে দূরে) দোলে? | ☐ হ্যাঁ | ☐ না - পুলের ফটক অবশ্যই পুনর্বার ঝোলাতে হবে যেন এটি বাইরের দিকে দোলে (পুল থেকে দূরে)। |
| যে কোনো খোলা অবস্থা থেকে কোনো প্রকার জোর ব্যতীত আপনার পুল ফটক কি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়? | ☐ হ্যাঁ | ☐ না - নতুন তালা এবং বন্ধ করার যন্ত্রাংশ সংযুক্ত না করা পর্যন্ত পুল ফটক স্থায়ীভাবে বেঁধে রাখা উচিৎ। স্বয়ংক্রিয়ভাবে বন্ধ এবং কব্জা যন্ত্রাংশ বেশিরভাগ পুলের দোকান এবং হার্ডওয়্যার দোকান থেকে ক্রয় করা যায়, এবং এগুলি লাগানো বেশ সহজ। |
| ফটক বন্ধের সময় আপনার পুল ফটক কি স্বয়ংক্রিয়ভাবে তালা লেগে যায়? | ☐ হ্যাঁ | |
| আপনি কি নিশ্চিত যে আপনি কখনোই আপনার পুল ফটক খুঁটী / ঠেকনো দিয়ে খোলা রাখেননা? | ☐ হ্যাঁ | ☐ না -সব সময় ফটক বন্ধ রাখুন এবং কখনোই কোন অবলম্বন দিয়ে ফটক খোলা রাখবেন না। |

## সীমানার বেষ্টনী পুলের বেষ্টনীর অংশ হিসাবে ব্যবহার হয়

| | | |
|---|---|---|
| *সীমানার বেষ্টনীর ভিতরের দিকে আপনার যদি কোন সমান্তরাল গরাদ থাকে, সেগুলি কি ৯০ সে-মিঃ আরোহণ নিষিদ্ধ এলাকার (নন-ক্লাইম্বেবল জোন) বাইরে? ((এটি ধরা হয় পুলের বেষ্টনীর উপর থেকে বাইরের ভূমির দিকে বৃত্তাকারে একটি বৃত্তাকার গঠন)* | ☐ হ্যাঁ | না - একজন লাইসেন্সধারী নির্মাতা, পুলের টেকনিশিয়ান অথবা ফেন্সিং কনট্রাক্টরের সাথে যোগাযোগ করুন যে আপনাকে একটি নিয়মমাফিক সমাধান দিতে পারবে। |

## শিশু প্রতিরোধকারী জানালা-জানালার কার্নিশ মাটি থেকে ১৮০ সেমি এর কম উর্ধ্বে

২০০৮ এর ১লা সেপ্টেম্বরের পূর্বে নির্মিত সুইমিং পুল এবং প্রতিরোধকগুলির, পুলের বেষ্টনী অথবা প্রতিরোধকের অংশ হিসাবে শিশু নিরাপদ জানালা থাকতে পারে। পুরনো পুলগুলির আবশ্যকীয় যাতে শিশু নিরাপদ জানালা অন্তর্গত ছিল, নুতন পুলের আবশ্যকীয় যাতে শিশু-প্রতিরোধী জানালা অন্তর্গত রয়েছে ; থেকে আলাদা। পুল প্রতিরোধকের অংশ হিসাবে জানালাগুলি যদি সঠিক মান অনুসারে রক্ষনাবেক্ষণ না করা হয়, তবে আপনার বর্তমান সময়ের শিশু প্রতিরোধক জানালার মান অনুসারে সেটিকে করতে হতে পারে। যে সকল প্রতিরোধক বদলানো অথবা পূনঃ নির্মাণ করা হয়েছে, সেগুলিকে বর্তমান সময়ের শিশু প্রতিরোধ জানালার আবশ্যকীয়গুলো পালন করতে হতে পারে। অনুগ্রহপূর্বক আপনার স্থানীয় কাউন্সিলের সাথে সেগুলি মিলিয়ে নিন।

| | | |
|---|---|---|
| আপনার যদি শিশু-নিরাপদ জানালা পুল প্রতিরোধকের অংশ হিসাবে সংঘটিত থেকে , সেগুলোর কি আটকে যাবার যন্ত্র বা নিরাপত্তা স্ক্রীন আছে যা সেটিকে ১০ সেমি এর বেশি খুলতে বাঁধাগ্রস্ত করে? | ☐ হ্যাঁ | ☐ না - শিশু-নিরাপদ জানালা স্থাপন অব্যাহতি এখন আর অনুমোদিত নয়। আপনাকে বর্তমান সময়ের শিশু-প্রতিরোধক জানালার অবশ্যপূরণীয় শর্ত পালন করতে হবে। |
| আপনার যদি পুল প্রতিরোধের অংশ হিসাবে শিশু প্রতিরোধক জানালা থাকে, জানালার যে অংশ খোলা যায়, তা কি স্থায়ীভাবে সংযুক্ত গরাদ অথবা জালের পর্দা (মেশ স্ক্রীন) দ্বারা আবৃত? | ☐ হ্যাঁ | ☐ না - জানালার খোলা অংশকে আবৃত করার জন্য গরাদ অথবা মেশ স্ক্রীন সংযুক্ত করুন (সর্বোচ্চ ফাঁক ১০ সে-মিঃ)। গরাদ এবং মেশ স্ক্রীন আপনার স্থানীয় হার্ডওয়্যার দোকান থেকে ক্রয় করা যেতে পারে, কিন্তু এছাড়াও আপনাকে আপনার স্থানীয় কাউন্সিল অথবা লাইসেন্সধারী নির্মাতার পরামর্শ চাওয়া উচিৎ। |

## শিশু প্রতিরোধী দরজা

পুল বেষ্টনীর অথবা প্রতিরোধীর অংশ হিসাবে কিছু কিছু পুরনো সুইমিং পুলে দরজা যুক্ত থাকতে পারে। নূতন পুলের তৈরিতে অথবা প্রতিরোধক যেগুলো বদলানো বা পুনঃনির্মাণ হয়েছে , সেখানে এই অনুমোদন আর নেই।


| | | |
|---|---|---|
| যদি আপনার এমন কোন দরজা থাকে যা পুলের প্রতিরোধকের অংশ, সেটি কি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়? | ☐ হ্যাঁ | ☐ না - শিশু নিরাপদ দরজা স্থাপনা থেকে অব্যাহতি আর অনুমোদিত নয়। আপনাকে হয়তোবা আপনার সুইমিং পুলের চারপাশে চতুর্ভুজ ফেন্স সংযুক্ত করতে হতে পারে।অনুগ্রহ করে আপনার স্থানীয় কাউন্সিল এর সাথে মিলিয়ে দেখুন। |
| যদি আপনার এমন কোন দরজা থাকে যা পুলের প্রতিরোধকের অংশ, তাতে কি আপনাআপনি কব্জা/ ছিটকানি/ খিল লেগে যায়? | ☐ হ্যাঁ | |
| যদি আপনার এমন কোন দরজা থাকে যা পুলের প্রতিরোধকের অংশ, কব্জা যন্ত্রাংশ কি মেঝে থেকে ১৫০ সে মিঃ দূরে অবস্থিত এবং দরজার উভয় পাশ থেকে ব্যবহার করা যায়? | ☐ হ্যাঁ | |
| যদি আপনার এমন কোন দরজা থাকে যা পুলের প্রতিরোধকের অংশ, আপনি কি নিশ্চিত করেছেন যে দরজা অথবা এর কাঠামোর উপর অনূর্ধ্ব ১ সে মিঃ চওড়া কোন ফুটহোলডস (পা রাখার জায়গা/ রেকাব) নেই এবং যা মেঝের ১০০ সে মিঃ উপরে? | ☐ হ্যাঁ | |
| যদি আপনার এমন কোন দরজা থাকে যা পুলের প্রতিরোধকের অংশ, আপনি কি নিশ্চিত করেছেন সেখানে পোষা প্রাণীর দরজা নেই? | ☐ হ্যাঁ | |

## ভূমি উচ্চ পুল এবং ফোলানো পুল

| | | |
|---|---|---|
| আপনার যদি ভূমি-উচ্চ কোন পুল থাকে, তার কি কোন বেষ্টনী আছে? | ☐ হ্যাঁ | ☐ না - শিশু প্রতিরোধী বেষ্টনী স্থাপন করুন। |
| আপনার যদি কোন ফোলানো অথবা বহনীয় পুল থাকে যা ৩০ সে মিঃ -এর বেশি পানি দিয়ে পূর্ণ করা সম্ভব, তার কি কোন বেষ্টনী আছে? | ☐ হ্যাঁ | |



✗



✓

## স্পা পুল

| | | |
|---|---|---|
| আপনার স্পার চারদিকে কি বেষ্টনী আছে? | ☐ হ্যাঁ | ☐ না- শিশু প্রতিরোধক বেষ্টনী স্থাপন করুন অথবা স্পা যখন ব্যবহৃত হচ্ছেনা, তখন আপনি অবশ্যই নিশ্চিত করুন যে একটি শিশু বিপন্মুক্ত আটকানো যায় এমন সংযুক্তি (যেমন দরজা, লিড, গ্রিল অথবা জাল) দিয়ে স্পা টি আড়াল করা ও দৃঢ়ভাবে আটকানো হয়েছে। |

## অন্যান্য পরীক্ষা

| | | |
|---|---|---|
| আপনি কি সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি এবং পাম্প, প্রয়োজনীয় বৈদ্যুতিক নিরাপত্তা ব্যবস্থানুযায়ী হয়েছে কিনা এবং সঠিকভাবে আবৃত আছে কিনা তা পরীক্ষা করেছেন? | ☐ হ্যাঁ | ☐ না - পরীক্ষা করুন যে আপনার স্পা আবশ্যিক বৈদ্যুতিক নিরাপত্তামূলক নম্বর দ্বারা চিহ্নিত অথবা তাতে একটি রেগুলেটরি কমপ্লায়েন্স মার্ক আছে কিনা। এই চিহ্নে সাধারণতঃ অস্ট্রেলিয়াতে আপনার রাষ্ট্র অথবা অঞ্চলের প্রথম বড় অক্ষর (উদাহরণ স্বরূপ, NSW এর জন্য N), এবং একটি সার্টিফিকেট নম্বর যুক্ত হয়। |
| আপনার স্পার কাছে কোন সিপিআর চিহ্ন আছে কি যা ভাল অবস্থায় আছে ও ৩ মিটার দূর থেকে পড়া যায়? | ☐ হ্যাঁ | ☐ না- আপনার স্থানীয় পুলের দোকান, কাউন্সিল অথবা জনকল্যানমূলক সংস্থা, যেমন সেন্ট জন অ্যাম্বুলেন্স দি অস্ট্রেলিয়ান রেড ক্রস অথবা দি রয়্যাল লাইফ সেভিং সোসাইটি থেকে সিপিআর চিহ্ন কিনে স্থাপন করুন। |





## ভাড়াটিয়া

সকল ভাড়ার চুক্তিতে সুইমিং পুলের রক্ষণাবেক্ষণের দায়িত্বের বিষয়টি অন্তর্ভুক্ত হওয়া উচিৎ। কোন কিছু নষ্ট থাকলে অথবা মেরামতের প্রয়োজন হলে বাড়িওয়ালাকে তা ভাড়াটিয়া অবশ্যই অবগত করবে। বাড়িওয়ালা বা তার প্রতিনিধি-র সঙ্গে যোগাযোগ না করা গেলে অথবা তারা ন্যায়সঙ্গত সময়ের মধ্যে জরুরী মেরামত না করে থাকলে, ভাড়াটিয়া জরুরী মেরামতগুলি যেগুলো পুল এলাকা অনিরাপদ করে (এর মধ্যে সুইমিংপুলের বেষ্টনীর ত্রুটিও অন্তর্ভুক্ত) সেগুলো করে নিতে পারে।